গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা
www.dgfood.gov.bd

নং-১৩.০১.০০০০.০৩১.১১.০০৫.২২.৬০২

তারিখ: ৩১/০৮/২০২৩ খ্রি.

## " নিয়োগ বিজ্ঞপ্তি "

খাদ্য অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৮ অনুযায়ী খাদ্য অধিদপ্তরসহ এর অধীন রাজস্ব খাতভুক্ত নিয়োগযোগ্য শূন্যপদ পূরণের লক্ষ্যে জাতীয় বেতন স্কেল ২০১৫ এর ১৩তম হতে ১৯তম গ্রেডভুক্ত নিম্নবর্ণিত স্থায়ী পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://dgfood.teletalk.com.bd) দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোনো আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | উপ-খাদ্য পরিদর্শক<br>গ্রেড-১৩<br>টাকা ১১০০০-২৬৫৯০ | ১৮ বছর হতে ৩০ বছর (বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর) | ৩৫৬ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ২ | সাঁটলিপিকার-কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩<br>টাকা ১১০০০-২৬৫৯০ | ঐ | ০৩ | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রী; এবং<br>(২) সাঁটলিপি পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৫০ ও ইংরেজীতে ৮০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ থাকতে হবে। |
| ৩ | সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪<br>টাকা ১০২০০-২৪৬৮০ | ঐ | ১১ | (১) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি; এবং<br>(২) সাঁটলিপি পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৪৫ ও ইংরেজীতে ৭০ শব্দ এবং কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ ও ইংরেজীতে ৩০ শব্দ থাকতে হবে। |
| ৪ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪<br>টাকা ১০২০০-২৪৬৮০ | ঐ | ০৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৫ | ল্যাবরেটরি টেকনিশিয়ান<br>গ্রেড-১৪<br>টাকা ১০২০০-২৪৬৮০ | | ০৩ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে রসায়ন বিষয়সহ স্নাতক বা সমমানের ডিগ্রি। |
| ৬ | মেকানিক্যাল ফোরম্যান<br>গ্রেড-১৪<br>টাকা ১০২০০-২৪৬৮০ | ঐ | ০৩ | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কোনো স্বীকৃত বোর্ড হতে অটো মেকানিক্স বা ফার্ম মেশিনারি বা জেনারেল মেকানিক্স বা মেশিনিস্ট ট্রেড বিষয়ে সার্টিফিকেট কোর্স;<br>অথবা<br>কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট হতে অটো মেকানিক্স বা ফার্ম মেশিনারি বা জেনারেল মেকানিক্স বা মেশিনিস্ট ট্রেড বিষয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(৩) কোন ফার্ম বা ওয়ার্কশপে অপারেটর ও তত্ত্বাবধান সংক্রান্ত কাজে অন্যূন ২(দুই) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৭ | ইলেকট্রিক্যাল ফোরম্যান<br>গ্রেড-১৪<br>টাকা ১০২০০-২৪৬৮০ | ঐ | ০২ | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কোনো স্বীকৃত কারিগরী শিক্ষা বোর্ড বা ইনস্টিটিউট হতে ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং বা ইলেকট্রিক্যাল লাইন মেইনটেন্যান্স বা মেইনটেন্যান্স অফ ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট বা জেনারেল ইলেকট্রিশিয়ান বা ইলেকট্রিশিয়ান বা ইলেকট্রিক্যাল মেশিন |

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| | | | | মেইনটেন্যান্স বা জেনারেল ইলেকট্রনিক্স ট্রেড বিষয়ে সার্টিফিকেট কোর্স;<br>অথবা<br>কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে ইলেকট্রিক্যাল হাউজ ওয়্যারিং বা ইলেকট্রিক্যাল লাইন মেইনটেন্যান্স বা মেইনটেন্যান্স অফ ইলেকট্রিক্যাল ইকুইপমেন্ট বা জেনারেল ইলেকট্রিশিয়ান বা ইলেকট্রিশিয়ান বা ইলেকট্রিক্যাল মেশিন মেইনটেন্যান্স বা জেনারেল ইলেকট্রনিক্স ট্রেড বিষয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(৩) কোনো ফার্ম বা ওয়ার্কশপে অপারেটর ও তত্ত্বাবধান সংক্রান্ত কাজে অনূন ২(দুই) বছরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ৮ | সহকারী উপ-খাদ্য পরিদর্শক<br>গ্রেড-১৫<br>টাকা ৯৭০০-২৩৪৯০ | ঐ | ২২২ | কোনো স্বীকৃত বোর্ড হতে অনূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৯ | অপারেটর<br>গ্রেড-১৫<br>টাকা ৯৭০০-২৩৪৯০ | ঐ | ১৭ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বিজ্ঞান শাখায় অনূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (পাস) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল যন্ত্রপাতি চালানোর বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১০ | সহকারী ফোরম্যান<br>গ্রেড-১৫<br>টাকা ৯৭০০-২৩৪৯০ | ঐ | ০৩ | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে অনূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে অটো মেকানিক্স বা ফার্ম মেশিনারি বা জেনারেল মেকানিক্স বা মেশিনিস্ট বা ওয়েল্ডিং বা ডিজেল মেকানিক্স বিষয়ে ট্রেড সার্টিফিকেট কোর্স;<br>অথবা<br>কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে অটো মেকানিক্স বা ফার্ম মেশিনারি বা জেনারেল মেকানিক্স বা মেশিনিস্ট বা ওয়েল্ডিং বা ডিজেল মেকানিক্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(৩) সংশ্লিষ্ট বিষয়ে অনূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১১ | মিলরাইট<br>গ্রেড-১৫<br>টাকা ৯৭০০-২৩৪৯০ | ঐ | ০৫ | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে অনূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে অটো মেকানিক্স বা ফার্ম মেশিনারি বা জেনারেল মেকানিক্স বা মেশিনিস্ট বা ওয়েল্ডিং বা ডিজেল মেকানিক্স বিষয়ে ট্রেড সার্টিফিকেট কোর্স;<br>অথবা<br>কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে অটো মেকানিক্স বা ফার্ম মেশিনারি বা জেনারেল মেকানিক্স বা মেশিনিস্ট বা ওয়েল্ডিং বা ডিজেল মেকানিক্স ট্রেডে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(৩) সংশ্লিষ্ট বিষয়ে অনূন ৩ (তিন) বৎসরের চাকরি। |
| ১২ | ইলেকট্রিশিয়ান<br>গ্রেড-১৫<br>টাকা ৯৭০০-২৩৪৯০ | ঐ | ১০ | (১) কোনো স্বীকৃত বোর্ড হতে অনূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে বৈদ্যুতিক 'খ' এবং 'গ' শ্রেণির কারিগরি পারমিট/লাইসেন্স; এবং<br>(৩) সাধারণ এবং বিশেষায়িত বৈদ্যুতিক কাজে অনূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা। |
| ১৩ | অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ৩৪৬ | (১) কোন স্বীকৃত বোর্ড হতে অনূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ ও ইরেজীতে ২০ শব্দ থাকতে হবে। |
| ১৪ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ৬৮ | (১) কোন স্বীকৃত বোর্ড হতে অনূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(২) কম্পিউটার মুদ্রাক্ষর পরীক্ষার গতি প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৩০ শব্দ ও ইরেজীতে ৪০ শব্দ থাকতে হবে। |
| ১৫ | ল্যাবরেটরি সহকারী<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ০২ | কোনো স্বীকৃত বোর্ড হতে বিজ্ঞান শাখায় অনূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

| ক্রমিক নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১৬ | সহকারী অপারেটর<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ৩৩ | কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানে সিজিপিএ-তে জেনারেল মেকানিক্স বা ফার্ম মেশিনারি ট্রেড বিষয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৭ | স্টেভেডর সরদার<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ০৬ | কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে জেনারেল মেকানিক্স বা ফার্ম মেশিনারি ট্রেড বিষয়ে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১৮ | ভেহিক্যাল মেকানিক<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ০৯ | (১)কোনো স্বীকৃত কারিগরী শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ তে জেনারেল মেকানিক্স বা ফার্ম মেশিনারি ট্রেড বিষয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) মেকানিক্যাল কাজে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ১৯ | সহকারী মিলরাইট<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ০৬ | (১) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে জেনারেল মেকানিক্স বা ফার্ম মেশিনারি ট্রেড বিষয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) মেকানিক্যাল কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২০ | মিল অপারেটিভ<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ১১৭ | (১) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে জেনারেল মেকানিক্স বা ফার্ম মেশিনারি ট্রেড বিষয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) মেকানিক্যাল কাজে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২১ | সাইলো অপারেটিভ<br>গ্রেড-১৬<br>টাকা ৯৩০০-২২৪৯০ | ঐ | ১৪৪ | (১) কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে জেনারেল মেকানিক্স বা ফার্ম মেশিনারি ট্রেড বিষয়ে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ;<br>(২) সংশ্লিষ্ট ক্ষেত্রে অন্যূন ২(দুই) বৎসরের বাস্তব কর্ম অভিজ্ঞতা। |
| ২২ | স্প্রেম্যান<br>গ্রেড-১৯<br>টাকা ৮৫০০-২০৫৭০ | ঐ | ০৭ | কোনো স্বীকৃত বোর্ড হতে অন্যূন দ্বিতীয় বিভাগ বা সমমানের সিজিপিএ-তে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ শারীরিকভাবে সক্ষম।<br>গোপালগঞ্জ, মাদারীপুর, রাঙ্গামাটি ও নড়াইল জেলার প্রার্থীগণের স্প্রেম্যান পদে আবেদন করার প্রয়োজন নেই। |

<u>নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অবশ্যই অনুসরণ করতে হবে:</u>

১. ৩১/০৮/২০২৩খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮-৩০ বছর হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

২. সরকারি/আধা-সরকারি সংস্থা ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। এক্ষেত্রে প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূলকপি জমা দিতে হবে।

৩. নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তিতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোনো সংশোধন/পরিবর্তন সাধিত হলে তা অনুসরণ করা হবে।

৪. লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টি.এ./ডি.এ. প্রদান করা হবেনা।

৫. প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্র/দলিলাদি জমা দিতে হবে:

ক. মৌখিক পরীক্ষার সময় সংশ্লিষ্ট সকল শিক্ষাগত যোগ্যতার সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে এবং পূরণকৃত Application Form-সহ আবেদনে দাখিলকৃত সকল সনদ এবং প্রবেশপত্রসহ সত্যায়িত এক সেট ফটোকপি দাখিল করতে হবে। এছাড়া, জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণপত্র হিসেবে ইউনিয়ন পরিষদ/পৌরসভা/সিটি কর্পোরেশন কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে।

খ. (১) আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও পুত্র-কন্যার পুত্র-কন্যা (বীর মুক্তিযোদ্ধার নাতি-নাতনি) হলে উক্ত দাবীর স্বপক্ষে আবেদনকারীকে (সংশ্লিষ্ট বীর মুক্তিযোদ্ধার গেজেট/ভারতীয় তালিকা/লাল মুক্তিবার্তা নম্বর/সাময়িক সনদের নম্বর ও তারিখ/ বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) সনদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত প্রমাণপত্র উপস্থাপন করতে হবে।

(২) কোনো বীর মুক্তিযোদ্ধার নাম 'লাল মুক্তিবার্তা' অথবা 'ভারতীয় তালিকায়' না থাকলে প্রার্থীকে বীর মুক্তিযোদ্ধার নাম, পিতার নাম ও ঠিকানা সংবলিত (i) গেজেট ও সাময়িক সনদ অথবা (ii) গেজেট ও মাননীয় প্রধানমন্ত্রী প্রতিস্বাক্ষরিত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ (বামুস) কর্তৃক প্রদত্ত সনদ অথবা (iii) গেজেট, সাময়িক সনদ ও বামুস সনদ দাখিল করতে হবে।

(৩) বীর মুক্তিযোদ্ধার বয়স ৩০.১১.১৯৭১ তারিখ বা তার পূর্বে ন্যূনতম ১২ বছর ৬ মাস ছিল মর্মে বীর মুক্তিযোদ্ধার বয়স এর প্রমাণক/ডকুমেন্টস হিসেবে মুক্তিযোদ্ধা সনদধারীর জন্মতারিখ সংবলিত এস.এস.সি বা সমমানের সনদ, এস.এস.সি বা সমমানের

পরীক্ষায় পাস না হলে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের সার্টিফিকেট/জন্মতারিখ সংবলিত প্রমাণক দলিল দাখিল করতে হবে।

(৪) মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী কোনো প্রার্থী বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে 'লাল মুক্তিবার্তা' অথবা 'ভারতীয় তালিকা'র বীর মুক্তিযোদ্ধার নামের সাথে আবেদনপত্রের পিতার নাম ও ঠিকানা যাচাইয়ের ক্ষেত্রে আবেদনকারী বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যা হলে সে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর ও পৌরসভার মেয়র কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার নাম এবং বীর মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার নাম উল্লেখসহ বীর মুক্তিযোদ্ধার সাথে তার সম্পর্কের সুস্পষ্ট প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

গ. প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট হতে প্রাপ্ত সনদ দাখিল করতে হবে।

ঘ. প্রতিবন্ধী/এতিম প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তর কর্তৃক জারিকৃত প্রতিবন্ধী সনদ/পরিচয়পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

৬. নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৫.০৩.২০১৮খ্রি. তারিখের ২০৯ নম্বর স্মারকের নির্দেশনা অনুসরণ করে মুক্তিযোদ্ধা কোটা সুবিধার প্রাপ্যতা বিবেচিত হবে। প্রার্থী কর্তৃক দাখিলকৃত সনদ ও তথ্য যাচাই-বাছাইয়ন্তে নিশ্চিত হয়ে নিয়োগের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হবে।

৭. বীর মুক্তিযোদ্ধা এবং উপযুক্ত বীর মুক্তিযোদ্ধা প্রার্থী না পাওয়া গেলে বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং তাঁদের পুত্র-কন্যা পাওয়া না গেলে পুত্র-কন্যাদের পুত্র-কন্যাগণ মুক্তিযোদ্ধা কোটায় বিবেচিত হবেন।

৮. ক. বিজ্ঞপ্তির ক্রমিক নং ১, ৪ ও ৮ এ বর্ণিত পদের প্রার্থীদের বাংলা, ইংরেজি, গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

খ. বিজ্ঞপ্তির ক্রমিক নং ২, ৩, ১৩ ও ১৪ এ বর্ণিত পদের প্রার্থীদের বাংলা, ইংরেজি, গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। শুধুমাত্র ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন।

গ. বিজ্ঞপ্তির ক্রমিক নং ৫, ৬, ৭, ৯, ১০, ১১, ১২, ১৫, ১৬, ১৭, ১৮, ১৯, ২০ ও ২১ এ বর্ণিত পদের প্রার্থীদের বাংলা, ইংরেজি. গণিত/পদ সংশ্লিষ্ট বিষয় এবং সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঘ. বিজ্ঞপ্তির ক্রমিক নং ২২ এ বর্ণিত পদের প্রার্থীদের বাংলা, ইংরেজি, গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

ঙ. কোনো প্রার্থী একই পদে একবারের বেশি আবেদন করতে পারবেন না। একই পদে একই প্রার্থীর একাধিক আবেদন পাওয়া গেলে তার প্রার্থীতা বাতিল বলে গণ্য হবে।

৯. **আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহীগণ http://dgfood.teletalk.com.bd ওয়েবসাইটে আবেদন পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

(i) Online- এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১২/০৯/২০২৩খ্রি. সকাল ১০.০০ ঘটিকা।

(ii) Online- এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ১১/১০/২০২৩**খ্রি. বিকাল ৫.০০ ঘটিকা।** উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online- এ আবেদন Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

খ. Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) pixel ও স্বাক্ষর (দৈঘ্য ৩০০×প্রস্থ ৮০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

**গ. Online আবেদনে পূরণকৃত তথ্যই পরবর্তীতে সকল কার্যক্রমে ব্যবহৃত হবে বিধায় Online-এ আবেদন Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।**

ঘ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদন (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant's Copy পাবেন। উক্ত Applicant's Copy প্রার্থী প্রিন্ট অথবা Download করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেওয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই) টি SMS করে ১-২১ নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষা ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ভ্যাটসহ ২৩/-(তেইশ) টাকা মোট ২২৩/-(দুইশত তেইশ) টাকা এবং ২২নং ক্রমিকে বর্ণিত পদের জন্য পরীক্ষা ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ভ্যাটসহ ১২/-(বারো) টাকা মোট ১১২/-(একশত বারো) টাকা (অফেরতযোগ্য) আবেদন দাখিলের ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিতে হবে। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, Online- এ আবেদনের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**প্রথম SMS:** DGFOOD<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: DGFOOD ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK. 223/112 will be charged as application fee. Your PIN is xxxxxxxxxx. To pay fee Type DGFOOD<Space>Yes<Space >PIN and send to 16222.

**দ্বিতীয় SMS:** DGFOOd<space> Yes<space>PIN নম্বর লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: DGFOOD YES xxxxxxxxxx

Reply: Congratulations Applicant's Name, payment completed successfully for DGFOOd Application for (Post Name) User ID is (ABCDEF) and Password (xxxxxxxxxx).

চ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://dgfood.teletalk.com.bd ওয়েবসাইটে অথবা খাদ্য অধিদপ্তরের Website: www.dgfood.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদের) যথাসময়ে জানানো হবে। Online আবেদনে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

ছ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে প্রার্থী প্রবেশপত্র প্রিন্ট (রঙিন) করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত এবং মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

জ. কেবল টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে dgfood<space>Help<space>User ID & Send to 16222
**Example:** dgfood Help User ABCDEF & send to 16222

ii. PIN Number জানা থাকলে dgfood<space>Help<space>PIN<space>PIN NO & sent to 16222
**Example:** dgfood Help PIN 1234567 & Send to 16222

১০. Online এ আবেদন করতে কোন সমস্যা হলে যে কোন টেলিটক নম্বর হতে ১২১/অন্য অপারেটর হতে ০১৫৫০৬৬৬৭৬৬ নম্বর অথবা (email: alljobs.query@teletalk.com.bd) এ অথবা নিকটস্থ টেলিটক কাস্টমার কেয়ার এ যোগাযোগ করা যাবে।

১১. খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে (www.dgfood.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লিমিটেড এর ওয়েবসাইটে (website: http://dgfood.teletalk.com.bd) এ নিয়োগের বিজ্ঞপ্তিসহ যাবতীয় তথ্যাদি দেখা যাবে।

১২ যে কোন রকম তদবির বা ব্যক্তিগত যোগাযোগ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য করা হবে।

১৩. ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৪. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

১৫. প্রার্থীর যোগ্যতা যাচাই: প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা বিজ্ঞপ্তিতে চাওয়া ন্যূনতম শর্তের সাথে গরমিল/অসামঞ্জস্যতা পাওয়া গেলে/ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থিতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা পরীক্ষা চলাকালীন অথবা পরবর্তীতে যে কোনো সময়ে প্রার্থীতা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

১৬. কর্তৃপক্ষ প্রয়োজনে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি এবং বিজ্ঞপ্তি বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

১৭. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ জামাল হোসেন
পরিচালক, প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা
ও সভাপতি
বিভাগীয় নির্বাচন কমিটি

নং-১৩.০১.০০০০.০৩১.১১.০০৫.২২.৬০২ (৭২০)

তারিখ: ৩০/০৮/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১) সিনিয়র সচিব, জনপ্রশাসন/অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩) সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
৪) মহাপরিচালক (গ্রেড-১), খাদ্য অধিদপ্তর, ঢাকা
৫) মহাপরিচালক, জনশক্তি ও কর্মসংস্থান প্রশিক্ষন ব্যুরো, কাকরাইল, ঢাকা
৬) উপ-সচিব(প্রশাসন-২ অধিশাখা), খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৭) পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পউকা/সংগ্রহ/হিসাব ও অর্থ/প্রশিক্ষণ, খাদ্য অধিদপ্তর, ঢাকা

৮) মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৯) প্রধান মিলার, সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা
১০) অতিরিক্ত পরিচালক, এমআইএসএন্ডএম/অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১১) বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১২) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ
১৩) প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা
১৪) সাইলো অধীক্ষক, নারায়নগঞ্জ/আশুগঞ্জ, বি-বাড়ীয়/চট্টগ্রাম/সান্তাহার, বগুড়া/স্টীল সাইলো, খুলনা/মোংলা সাইলো, বাগেরহাট
১৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, নির্মাণ ও রক্ষণাবেক্ষণ ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা
১৬) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৭) সিস্টেম এনালিস্ট, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (উক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি খাদ্য মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
১৮) চিফ্ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, খাদ্য এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, খাদ্য ভবন, ঢাকা
১৯) জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),.........................................
২০) চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা
২১) ব্যবস্থাপক (সকল),.............................................
২২) অফিস কপি/মাস্টার কপি

মোঃ মনিরুল ইসলাম
উপ-পরিচালক (সংস্থাপন)
খাদ্য অধিদপ্তর
ও সদস্য-সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি